অনন্তর রুতাঞ্জলি হইয়া বিষ্ণুন্তব পাঠ করিবে। যথা— ওঁ অচ্যুতং কেশবং বিষ্ণুং হরিং সত্যং জনার্দ্দনম্। হং সং নারায়ণক্ষৈব এতরামাষ্টকং শুভম্। ১ ত্রিসন্ধ্যং যঃ পঠেরিতাং পাপং তস্থা ন বিহাতে। শক্রসৈন্তাং ক্ষয়ং যাতি ছঃস্বপ্নঃ স্ক্সম্বের্মো ভবেৎ॥ ২ গঙ্গায়াং মরণক্ষৈব দৃঢ়া ভক্তিশ্চ কেশবে। ব্রহ্মবিহ্যা প্রবোধশ্চ তন্মারিত্যং পঠেররঃ॥ ৩

ইতি প্রীব্রহ্মপুরাণে প্রীবিষ্ণোর্নামাষ্টকং সমাপ্তম্। ওঁ তৎ সৎ ওঁ তৎ সৎ ওঁ তৎ সৎ ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনঞ্চ যদ্ ভবেৎ। পূর্ণং ভবতু তৎসর্ব্বং তৎপ্রসাদাৎ জনাদিন। অনস্তর প্রণাম করিবে। মন্ত্র যথা—

নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
পাপোহহং পাপকর্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ব্রাহি মাং পুগুরীকাক্ষ সর্ববপাপহরো হরিঃ॥

यजूर्विमीय मन्त्राञ्यद्यांगः।

আচমনম্।

প্রথমে স্নান করিয়া হস্তপদ প্রক্ষালন, শিথাবন্ধন ও কুশহস্ত হইরা পূর্ব্ব বা উত্তর মুথে বসিয়া হাতযোড় করিয়া আত্মন্তদ্ধি করিবে যথা—

> ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্ববাবস্থাং গতোহপি বা । যঃ স্মরেৎ পুগুরীকাক্ষং স বাহাভ্যন্তরং শুচিঃ॥

তৎপর গোকর্ণাকৃতি দক্ষিণ হস্তের ব্রাহ্মতীর্থে একটি মাস কলাই ডুবিতে পারে এই পরিমাণ জল লইয়া "ওঁ বিষ্ণুং" এই মন্ত্রে তিনবার ঐ জল পান করিয়া সামবেদীয় আচমন বিধি (১নং পৃঃ) অনুসারে আচমন করতঃ বিষ্ণুত্মরণ করিবে যথা—

ওঁ তদ্বিষ্ণাঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্। (ক)

তৎপর নিয় মন্ত্র পাঠ করিয়া অঙ্কুশ মূলা দারা জলশুদ্ধি করিবে যথা— ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু॥ (সন্ধ্যার সময় অতীত হইয়া গেলে দশবার গায়ত্রী জপরূপ

অনন্তর নিম্ন লিখিত মন্ত্রে পুনরায় আচমন করিবে। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোহধ্যজায়ত। ততোরাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্পবঃ॥ ওঁ সমুদ্রাদর্শবাদধি সংবৎসরোহজায়ত।

প্রায়শ্চিত্ত করিবে)।

(ক) অনুবাদ।—আকাশে প্রদারিত নয়ন যেরূপ অনায়াদে সর্ধপ্রকাশময় স্বর্যাকে দর্শন করে, সেইরূপ জ্ঞানিগণও অনায়াদে বিষ্ণুর
বেদাদিপ্রদিদ্ধ পরমপদ অর্থাৎ উৎক্লপ্ত তত্ত্ব সর্ব্বদা দেখিতে পান।

আহোরাত্রাণি বিদধদ্বিশ্বস্থ মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথা পূর্ববমকল্লয়ৎ। দিবঞ্চ পৃথিবাঞ্চান্তরীক্ষমথোশ্বঃ॥

আপো মাৰ্জনম্। *

বক্ষ্যমাণ ছয়টী মন্ত্র পাঠ করিয়া মন্তকে এক একবার জলের ছিটা দিয়া মার্জ্জন করিবে। ইহাকেই আপোমার্জ্জন বলে। যথা—

ওঁ শন্ন আপো ধন্বস্যাঃ শমনঃ সস্ত নৃপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সস্ত কৃপ্যাঃ॥ ১

ওঁ ক্রপদাদিব মুমুচানঃ স্বিন্ধঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্য, মাপঃ শুন্ধস্তু মৈনসঃ॥ ২

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব,-স্তা ন উর্ভেচ্চ দধাতন। মহে রণায় চক্ষদে॥ ৩

ওঁ যো বঃ শিবতমো রস,-স্তম্ম ভাজয়তেই নঃ। উশতীরিব মাতরঃ॥ ৪

অনুবাদ।—মরুদেশোৎপন্ন জল আমাদের কল্যাণ করুন। অনুপ অর্থাৎ জলময় দেশস্থ জল আমাদিগের কল্যাণপ্রদ হউন। সমুদ্রোৎপন্ন জল আমাদিগের মঙ্গল করুন, কুপোদ্ভব জল আমাদিগের কল্যাণদায়ক হউন॥১

অমুবাদ।—বর্মাক্ত ব্যক্তি বেরূপ বৃক্ষমূল আশ্রয় করিয়া বর্ম হইতে বিমুক্ত হয়, মান করিলে বেরূপ শারীরিক মল হইতে মুক্ত হওয়া যায়, ম্বত বেমন সংস্কারবিধি দারা শুদ্ধ হয়, তদ্ধপ জল সকল আমাদিগকে পাপ হইতে পবিত্র করুন॥ ২

অমুবাদ।—হে জল! বেহেতু তোমরা নিত্যই স্থপায়ক, সেই হেতু তোমরা ইহকালে আমাদিগের অন্ন বিধান কর এবং প্রলোকে মহৎ রমণীয় ব্রহ্মদর্শনে অধিকার প্রদান কর॥ ৩

অমুবাদ।-পুত্রহিতৈষিণী জননীগণ ষেরূপ স্বস্তুরস্পান করাইয়া

^{*} व्यत्तक এই व्यालामार्कन करतन ना।

90

ু ও তন্মা অরং গমাম বো, যস্ত ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চনঃ॥ ৫

ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোহধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবাদধি সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ, বিশ্বস্থা মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্রমর্মো ধাতা, যথাপূর্বব্যকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষমথো স্বঃ॥ ৬

অনন্তর অঞ্জলিবন্ধন পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্রটী পাঠ করিবে। ইহা কেবল প্রাতঃসন্ধ্যায় পাঠ্য। মন্ত্র মথা—

ওঁ নম্বা তু পুণ্ডরীকাক্ষমুপাত্তাঘপ্রশান্তয়ে। ব্রহ্মবর্চচস-কামার্থং প্রাতঃসন্ধ্যামুপান্মহে॥ ৭

পুত্রের মঙ্গল বিধান করেন, হে জল সকল! তোমরাও সেইরূপ ইহকালে আমাদিগকে তোমাদের মঙ্গলময় রসভোগে অধিকারী কর॥ 8

অমুবাদ।—হে জল সকল! তোমরা তোমাদের যে রসদারা ব্রহ্ম হইতে তৃণ পর্যাস্ত অথিল পদার্থকে পরিতৃপ্ত করিতেছ, দেই রসদারা আমরাও যেন তৃপ্তিলাভ করি এবং তোমরাও আমাদিগকে সেই রসভোগের অধিকার প্রদান কর॥ ৫

অমুবাদ।—মহাপ্রলম্মকালে কেবলমাত্র ঋত ও সত্যস্বরূপ পরব্রমাই বিজ্ঞমান ছিলেন। এবং তৎকালে সমস্তই গাঢ় অন্ধকারময় ছিল। তারপর প্রলমাবসানে স্পষ্টর প্রাক্কালে সর্বতোভাবে ফলোল্যুথ অদৃষ্টনিবন্ধন অর্থাৎ পূর্বকল্পিত জীবসমূহের প্রাক্তনকর্মাহেতু জলময় সমৃদ্র উৎপন্ন হইল। তৎপরে সেই জলময় সাগর হইতে প্রকাশমান জগতের-নির্মাণে সমর্থ ব্রমা উভূত হইলেন। তিনি পূর্বস্থান্টির স্থায় স্থ্যা ও চক্রকে স্পষ্টি করিলেন। তাহাতে দিন ও রাত্রি হইতে লাগিল। এরপে দিন ও রাত্রি হওয়ায় সংবৎসরের স্পষ্ট হইল। অনস্তর স্পষ্টকর্ত্তা ব্রহ্মা পৃথিবী আকাশ ও স্বর্গ এবং মহরাদি লোকের স্পষ্ট করিলেন॥ ৬ CCO. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

তৎপর গ্রেত্রী পাঠ করিয়া জলদ্বারা আপনাকে বেষ্টন করত: কৃতাঞ্জলি হইয়া প্রাণারাম মন্ত্রের ঋষ্যাদি স্মরণ করিবে, মন্ত্র যথা—

ওঁকারস্থ ব্রহ্মখবিগায়ত্রাচ্ছন্দঃ অগ্নির্দ্দেবতা সর্ববকর্মারস্তে বিনিয়োগঃ ॥ ৮

ভূরাদি সপ্তব্যাহৃতীনাং প্রজাপতিঋ বির্গায়ক্র্যফিগসুফু ব্-বৃহতা-পঙ্কি-ত্রিষ্টুব্ জগত্যশ্ছন্দাংসি অগ্নিবায়াদিত্য বৃহস্পতি বরুণেন্দ্র वित्यात्मवात्मवं अभिवासात्म विनित्सांगः॥ २

গায়ত্র্যা বিশ্বামিত্রঋষির্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা, প্রাণায়ামে বিনিয়োগঃ ॥ ১০

গায়ত্রীশিরসঃ প্রজাপতিখ ষিত্র ন্দাবাযু গ্লি-সূর্য্যাশ্চতস্রো দেবতাঃ श्रांगायात्म विनित्यांगः॥ ১১

অমুবাদ।—আশু পাপবিনাশের জন্ম নারায়ণকে প্রণাম করিয়া ব্রদ্ধতেজ লাভের জন্ম প্রাতঃসন্ধ্যার উপাসনা করি॥ ৭

অনুবান।—প্রাণান্নামে যে ওঁকার, সপ্তব্যান্থতি, গায়ত্রী ও গায়ত্রীশির উচ্চারণ করিতে হয়, সেই ওঁকার মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ গায়ত্রী, দেবতা অগ্নি এবং সকল কর্ম্মের আরন্তে প্রয়োগ হয়॥ ৮

অমুবাদ।—ভূ: ভুব: স্বঃ মহঃ জনঃ তপঃ সত্যম্ এই সাতটী ব্যাহৃতির প্রজাপতি ঋষি যথাক্রমে গায়ত্রী, উঞ্চিক্, অনুষ্ঠুপ্ বৃহতী, পঞ্জি, ত্রিষ্টুপু ও জগতী এই সাতটী ছলঃ, অগ্নি, বায়ু স্থ্য, বরুণ, বুহস্পতি, ইন্দ্র ও বিখেদেব ইহাদের দেবতা এবং প্রাণায়ামে প্রয়োগ হয়॥ ৯

অনুবাদ।—গায়ত্রীর বিশ্বামিত্র ঋষি, গায়ত্রী ছলঃ, স্বর্য্য দেবতা এবং প্রাণায়ামে প্রয়োগ হয়॥ ১০

অমুবাদ ৷—গায়ত্রীশির: অর্থাৎ "আপো জ্যোতী" ইত্যাদি মন্তের প্রজাপতি ঋষি, বন্ধা, বায়ু, অগ্নি ও স্থ্য এই চারিটা দেবতা এবং প্রাণায়ানে প্রয়োগ হয় ॥ ১১ CCO. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

অনন্তর চক্ষু ছইটী মুদ্রিত করিয়া দক্ষিণ হন্তের অঙ্গুদ্ধারা দক্ষিণ নাসিকাবন্ধ করিয়া অর্থাৎ টিপিয়া ধরিয়া বাম নাসিকায় বায়্ আকর্ষণরূপ পুরুকপূর্ব্বক মনে মনে পাঠ করতঃ ব্রহ্মার ধ্যান করিবে, যথা—

ওঁ নাভৌ বক্তবর্ণং চতুর্ববক্ত্রং দ্বিভুঙ্গং অক্ষপূত্র-কমণ্ডলুকরং হংসারুচং ব্রহ্মাণং ধ্যায়ন্॥

ওঁ ভূং ওঁ ভূবং ওঁ স্বঃ ওঁ মহং ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্॥ ওঁ তৎসবিভূর্ববরেণ্যং, ভর্গো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ওঁ আপোজ্যোতীরসোহমূতং ব্রহ্ম ভূভূবিঃ স্বরোম্॥ ১২

তদনস্তর দক্ষিণ অঙ্গুষ্ঠ দারা দক্ষিণ নাসিকা এবং কনিষ্ঠা ও অনামিকা
দারা বাম নাসিকা টিপিয়া ধরিয়া কুম্ভক অর্থাৎ শাসরোধপূর্বক মনে মনে
নিম্ন মন্ত্র পাঠ করতঃ কেশবের ধ্যান করিবে বথা—

অমুবাদ।—নাভিদেশে রক্তবর্ণ, চতুশ্বর্থ, দ্বিভূজ, একহন্তে অক্ষয়তা অর্থাৎ রুদ্রাক্ষের জপমালা, অপর হত্তে কমগুলুধারী, হংসবাহন ব্রহ্মাকে ধ্যান করিতে করিতে স্থ্যমগুল-মধ্যবর্ত্তী তেজের প্রাণভূত স্থিছিতি সংহারকারিণী শক্তির অভিন্ন আধার স্বরূপ সেই পরমব্রহ্মকে আমি চিস্তা করি। যিনি জন্মমৃত্যু-ছংখাদি বিনাশের নিমিত্ত উপাদনীর এবং ধিনি আমাদিগের বৃদ্ধির্ত্তিকে ধর্ম্ম অর্থ কাম মোক্ষ বিষয়ে প্রেরিত করিতেছেন, তিনি ভূঃ ভূবং স্বঃ নহঃ জনঃ তপঃ ও সত্য এই সপ্তলোকে ব্যাপিয়া আপন জ্যোতিতে প্রকাশিত করিতেছেন, তিনিই জগতের কারণভূত জলস্বরূপ, তিনিই মণিপ্রস্তরাদির তেজঃস্বরূপ, এবং তৃণ বৃক্ষ ও ওষধির রসস্বরূপ, তিনিই মন্থ্যা, পশু পক্ষী ও কীটাদির হৃদরে চেতনাত্মরূপে অধিষ্ঠিত, তিনিই ত্রিগুণাতীত পরব্রক্ষ এবং তিনিই পৃথিবী, আকাশ ও স্বর্গ এই তিলোক স্বরূপ ॥ ১২

হৃদি—নীলোৎপলদলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্রগদাপদ্মকরং গরুড়ারুঢ়ং কেশবং ধ্যায়ন্॥

ওঁ ভূঃ ওঁ ভূবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্॥ ওঁ তৎসবিতুর্ববরেণ্যং, ভর্মো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ওঁ আপো জ্যোতী রসোহমৃতং ব্রহ্মভূর্তুবঃ স্বরোম্॥ ১৩

পরে দক্ষিণ নাসিকাস্থিত অঙ্গুঠ উত্তোলিত করিয়া বাম নাসিকায় কনিঠা ও অনামিকা টিপিয়া রাখিয়া রেচক অর্থাৎ দক্ষিণ নাসিকাদারা বায়ুনিঃসারণ করিতে করিতে মনে মনে নিম্ন মন্ত্র পাঠ করতঃ শস্তুর ধ্যান করিবে যথা—

ললাটে—শ্বেডবর্ণং বিভুজং ত্রিশূল-ডমরুকরমর্দ্ধচন্দ্রবিভূষিতং ত্রিনেত্রং ব্যভস্থং শস্তুং ধ্যায়ন্॥

ওঁ ভূঃ ওঁ ভূবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্॥ ওঁ তৎসবিতুর্ববরেণ্যং ভর্মো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ আপো জ্যোতীরসোহমৃতং ব্রহ্মভূভূ বঃ স্বরোম্॥ ১৪

প্রাভরাচমনম্।

আচমন প্রণালী পূর্ব্বেই উল্লিখিত হইরাছে। প্রাতঃসন্ধ্যার আচ-মনের মন্ত্র যথা—

অন্থবাদ। — হাদরে নীলোৎপল দলের ন্তার প্রভা বিশিষ্ট চতুর্ভুজ, শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী গরুড়বাহন কেশবকে ধ্যান করিতে করিতে॥ ১৩ অন্থবাদ। — ললাটে — শেতবর্ণ, দ্বিভূজ, ত্রিশূল ও ডমরুধারী অর্দ্ধচক্র বিভূষিত ত্রিনয়ন বিশিষ্ট, বৃষবাহন শস্তুকে ধ্যান করিতে করিতে॥ ১৪ সূর্য্যশ্চমেতি মন্ত্রস্থা ব্রহ্মাঞ্চাবিঃ প্রকৃতিশ্ছনদ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্য*চ মা মন্ত্য*চ মন্ত্রপতর*চ মন্যুক্তেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদ্রাত্র্যা পাপ-মকার্বং মনসা বাচা হস্তাভ্যাং পদ্যামুদরেণ শিগ্না। রাত্রিস্তদবলুম্পতু, যৎ কিঞ্চ তুরিতং ময়ি। ইদমহং মামমৃতবোনৌ * সূর্য্যে জ্যোতিষি পরমাত্মনি । জুহোমি স্বাহা॥ ১৫

মথ্যাক্তাচমন্ম।

মধ্যাক্ত সন্ধ্যার আচমন সময়ে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিয়া আচমন করিবে। যথা---

ওঁ আপঃ পুনস্থিত্যস্থ বিষ্ণুখ বিরন্মই প্ছন্দ আপোদেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্ত পৃথিবীং, পৃথী পূতা পুনাতু মাম। পুনন্ত ব্ৰহ্মণস্পতি-ব্ৰ'ন্ম পৃতা পুনাতু মাম্॥

অমুবাদ ৷—"সূর্য্য মা"—ইত্যাদি মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ প্রকৃতি, জল দেবতা এবং আচমনে প্রয়োগ হয়। স্বর্য্য, যজ্ঞ এবং যজ্ঞপতি ইন্দ্রাদি দেবগণ অসম্পূর্ণ যজ্জনতি পাপ হইতে অথবা ক্রোধ এবং ক্রোধপতি ইক্রিয়গণ ক্রোধক্বত পাপ হইতে আমাকে রক্ষা করুন। অর্থাৎ আমার যেন এরপ ক্রোধ না হয়, যাহাতে আমি কোন কুকার্য্য করি। আমি त्रजनी रयारि सन, वाका, रुखवत्र, अनवत्र, जेनत, निम्नवाता रय अमूनत शांभ-কার্য্য করিয়াছি রাত্রি- দেবতা তাহা নষ্ট করুন। আমাতে যে কিছু পাপ আছে, সেই সমস্ত পাপ এবং পাপের কর্ত্তা আমাকে অর্থাৎ মদীয় লিঙ্গশরীরকে আমি জগৎকারণ স্বর্য্যোপাধি জ্যোতিতে অর্থাৎ স্বপ্রকাশ পরব্রন্ধে হোম করিলাম, উহা নিঃশেষরূপে ভশ্মীভূত হউক॥ ১৫

[&]quot;ইদমহমাপোহমুত যোনো" ইতি পাঠান্তরম্।

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS ৪০ তিবেদীয়-সন্ধ্যাবিধিঃ।

ষত্রচ্ছিষ্টমভোজ্যঞ্চ, যদ্বা ত্রশ্চরিতং মম। সর্ববং পুনস্ত মামাপোহ-সতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ ১৬

সাম্বসাচ্যন্ম।

সায়ং সন্ধ্যার আচনন সময়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া আচমন করিবে, যথা—

অগ্নিশ্চমেতি মন্ত্রস্থা রুদ্রেশ্ববিঃ প্রকৃতিশ্চনদ আপোদেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্ত্র্যুশ্চ মন্ত্র্যুপতর্মণ্ট মন্ত্র্যু-কৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্। যদহা পাপ-মকার্ষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ত্যা-মুদরেণ শিশ্বা। অহস্তদবলুম্পতু, যৎকিঞ্চ ছরিতং ময়ি। ইদমহং মামমৃত্যোনে * সত্যে জ্যোতিষি পরমাত্মনি] জুহোমি স্বাহা॥ ১৭

অমুবাদ।—আপঃ পুনন্ত ইত্যাদি মন্ত্রের বিষ্ণু থাবিঃ, গায়ত্রী ছন্দঃ জল দেবতা এবং আচমনে প্রয়োগ হয়। জল পৃথিবীকে পবিত্র করুন। পৃথিবী পবিত্র হইয়া আমাকে পবিত্র করুন এবং জল জ্ঞানের আশ্রয়ভূত পরমাত্মাকে পবিত্র করুন। উচ্ছিষ্ট ভোজন, অভক্য্য-ভক্ষণ, অসদাচরণ এবং অসতের প্রতিগ্রহ জনিত আমার বে কিছু পাপ হইয়াছে, সেই সকল পাপ হইতে জল আমাকে পবিত্র করুন। আমি জলরূপ পরমাত্ম-বহ্নিতে এই পাপরূপ আহতি সমর্পণ করিলাম, উহা নিঃশেষরূপে দগ্ধ হউক॥ ১৬

অনুবাদ।—"অগ্নিশ্চ মা" ইত্যাদি মন্ত্রের রুদ্র ৠষি, প্রকৃতি ছন্দঃ জল দেবতা এবং আচমনে প্রয়োগ হয়। অগ্নি, যজ্ঞ এবং যজ্ঞপতি ইক্রাদিদেবগণ অসম্পূর্ণ যজ্ঞ-জনিত পাপ হইতে অথবা অগ্নি ক্রোধ এবং ক্রোধপতি ইক্রিয় সকল ক্রোধজনিত পাতক হইতে আমাকে রক্ষা করুন।

^{* &}quot;ইদমহমাণোহমূতবোনো" ইতি পাঠান্তর্ম। CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

পুনরাশোমার্জনম্।

অনস্তর নিম্নলিধিত মন্ত্রতন্ন পাঠ পূর্বক মন্তকে জল প্রোক্ষণ করিবে। মন্ত্র বথা—

ওঁ আপো হি ষ্ঠেতি ঋক্ত্রয়স্থ সিন্ধুদ্বীপঋষিগায়ত্রীচ্ছনদঃ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ॥

(১) ওঁ আপো হি ষ্ঠা ময়োভূব-স্তান উর্ক্তে দধাতন।
মহে রণায় চক্ষসে। (২) ওঁ যো বঃ শিবতমো রস-স্তস্ত ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ (৩) ওঁ তন্মা অরং গমাম বো, যস্ত ক্ষয়ায় জিম্বথ। আপো জনমুথা চনঃ।

তৎপর নিয় মন্ত্র পাঠ পূর্বক মন্তক স্পর্শ করিয়া তিন গণ্ডুয জল ফেলিবে, মন্ত্র যথা—

ওঁ ক্রপদাদিবেতি কোকিলো রাজপুত্রখাষিরসুষ্ট প্চছনদঃ আপো দেবতা সোত্রামন্ম বভূথে বিনিয়োগঃ। ওঁ ক্রপদাদিব মুমুচানঃ স্বিল্লঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্য,-মাপঃ শুরুদ্ধ মৈনসঃ॥ ১৮

অনস্তর দক্ষিণ হস্তে একগণ্ডূব জল নাসাগ্রভাগে ধরিয়া নিম মস্ত্রে নিংখাস দারা দেহাভ্যস্তরস্থ পাপ সমূহ নির্গত হইয়া ঐ জলে মিলিয়াছে আমি দিবাভাগে মন, বাক্য, হস্তবয়, পদদয়, উদর এবং শিশ্প দারা বে বে পাপ করিয়াছি, দিনাধিষ্ঠাত্রী দেবতা তাহা বিনাশ করুন। আমাতে অস্ত্র বে কিছু পাপ আছে, সে সমস্ত এবং সেই পাপের কর্ত্তা আমাকে (মদীয়-লিঙ্গ শরীরকে) আমি জগৎকারণ সত্যরূপ জ্যোতিতে (পরব্রক্ষে) হোম করিলাম। আমার সমস্ত পাপ নিংশেষরূপে ভন্মীভূত হউক॥ ১৭

অনুবাদ।—আপো হিষ্ঠা ইত্যাদি মন্ত্রত্রের সিন্ধুদীপ ঋষি, গারত্রী ছলঃ জলদেবতা এবং মার্জ্জনে প্রয়োগ হয় [অপরাংশের ব্যাখ্যাদি সামবেদীয়

স্ব্যা ৪র্থ পৃষ্ঠা দেখ**় । ১৮** CCO. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi এইরূপ ভাবনা করিয়া সেই জল বামপার্শ্বন্থ কল্লিত শিলাথতে নিক্ষেপ করিবে।

এইরূপ তিনবার জল নিক্ষেপ করিবে, মন্ত্র যথা—

ওঁ অঘমর্ষণ স্ক্রস্থাঘমর্ষণ ঋষিরমুফ্টুপ্চছন্দো ভাবরত্তো দেবতা অশ্বমেধাবভূথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চাভীদ্ধাত্তপসোহধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ্ বিশ্বস্থা মিষতো বশী। ওঁ স্থ্যাচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্বব্যকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষ-মথো স্বঃ॥ ১৯

পরে গোকণাকৃতি হস্তে এক গণ্ডূ্য জল লইয়া নিম্নলিখিত মন্ত্রে

আচমন করিবে। মন্ত্র যথা—

ওঁ অন্তশ্চরসীতি তিরশ্চীন ঋষিরসুষ্টুপ্ছন্দ আপো দেবতা অপামুপস্পর্শনে বিনিয়োগঃ।

ওঁ অন্তশ্চরসি ভূতেরু গুহায়াং বিশ্বতো মুখঃ। দ্বং যজ্জ্বং বষট্কার আপো জ্যোতী রসোহমূতম্। ব্রহ্ম ভূভূ বংস্বরোম্॥ ২০

পরে স্র্য্যাভিম্থী হইয়া গায়ত্রী পাঠ পূর্ব্বক স্থ্যকে তিন অঞ্জলি জল দিবে যথা—

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্ববেরণ্যং ভর্গো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥

অমুবাদ।—"ঝতমিত্যাদি" মন্ত্রের অঘমর্ধণ থবি, অনুষ্টুপ্ছন্দঃ ভাবরুত্ত অর্থাৎ ব্রহ্মা দেবতা এবং অশ্বমেধ ব্যক্তান্তে স্নানকার্য্যে প্রয়োগ হয়। অপরাংশের ব্যাখ্যাদি সামবেদীয় সন্ধ্যা ৬ষ্ঠ পৃঃ ডাষ্টব্য॥ ১৯

অনুবান।— হে স্থ্য! তুমি সকল প্রাণীর ছদর মধ্যে বিচরণ কর, তুমি সর্বদর্শী; তুমি বজ্ঞ, অর্থাৎ তুমি যজ্ঞে আহুতিদানের মন্ত্র, তুমি জল, তুমি জ্যোতিঃ, তুমি রস এবংতুমিই অমৃত॥ ২০

অথ সূহ্য্যাপস্থানম্।

প্রাতঃসন্ধ্যায় উভয় পাদাসুঠে ভর করিয়া বা একপদে স্র্য্যাভিমুখে দণ্ডায়সান হইয়া প্রাতঃকালে ও সায়ংকালে কৃতাঞ্জলি এবং মধ্যাহে উর্দ্ধবাহু হইয়া বক্ষ্যমাণ মন্ত্র পাঠ পূর্ব্বক স্র্য্যোপস্থান করিবে, যথা—

ওঁ উত্নত্যমিত্যস্থ প্রস্কণুঋষির্গায়ত্রীচ্ছনদঃ সূর্য্যো দেবতা অগ্নিফৌমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উত্নত্যং জাতবেদসং, দেবং বহস্তি কেতবঃ দৃশে বিশ্বায় সূর্য্যম্॥ ২১

ওঁ চিত্রমিত্যস্থ কেৎসঞ্চাষ্টি ব্রিফ্রপ্ছন্দঃ সূর্ব্যা দেবতা অগ্নিফৌমে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্মিত্রস্থ বরুণস্থাগ্রেঃ। আপ্রা ছাবা পৃথিবী অন্তরীক্ষ্ণং সূর্য্য আত্মা জগতন্তস্থুরুষ্চ ॥ ২২

ওঁ তচ্চক্ষুরিত্যস্থ দধ্যঙ্ঙাথর্ববণ ঋষিত্র ক্রিনী ত্রিষ্টুপ্ ছনদঃ সূর্য্যো দেবতা মহাবীরাগুন্তয়োঃ শান্তিকরণে বিনিয়োগঃ। ওঁ তচ্চক্ষুদে বহিতং, পুরস্তাচ্ছুক্রমুচ্চরৎ, পশ্যেম শরদঃ শতং,

অন্তবাদ।—উহ্তামিত্যাদি মন্ত্রের প্রস্কণ্ণ ঋষি গারতী ছন্দঃ স্থ্য দেবতা, এবং স্থাব্যোপাসনায় প্রায়োগ হয়। অগ্নির ন্তায় তেজোমর স্থা্দেবকে সমস্ত বিশ্বের দৃষ্টি গোচর করিবার নিমিত্ত তদীয় রশ্মি সকল উর্দ্ধে বহন করিতেছে॥ ২১

অন্থবাদ। — চিত্রমিত্যাদি মন্ত্রের কৌৎস ঋষি ত্রিষ্টুপ্ছন্দঃ স্থ্যদেবতা, স্থ্যোপাসনায় প্রয়োগ হয়। মিত্র বরুণ অগ্নি প্রভৃতি দেবতায় অধিষ্ঠিত সমস্ত জগতের প্রকাশক সমস্ত দেবতার সমষ্টি স্বরূপ, এবং স্থাবর জঙ্গমের অন্তর্যামী স্থ্য আশ্চর্য্যরূপে উদিত হইয়াছেন এবং সমস্ত জগৎকে স্থীয় রশ্মিজালে পূর্ণ করিয়াছেন ॥ ২২

জীবেম শরদঃ শতং, শৃণুয়াম শরদঃ শতং, প্রব্রবাম শরদঃ শতং, অদীনাঃ স্থাম শরদঃ শতং, ভূয়শ্চ শরদঃ শতাৎ ॥ ২৩

প্রস্কৃত্র প্রায়িত অনুষ্টুপ্ ছনদঃ সূর্য্যো দেবতা সৌত্রামণ্যবভূথে সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদ্বয়ং তমসস্পরি স্বঃ পশ্যন্ত উত্তরম্। দেবং দেবতা সূর্য্যমগন্ম জ্যোতিরুত্তমম্॥ ২৪

টীকা।—তচ্চকুরিতি। অনেন মন্ত্রেণ বো মহাবীরঃ অস্মাভিঃ স্ততঃ তৎ চক্ষু: জগতাং নেত্রভূতং আদিত্যরূপং পুরস্তাৎ পূর্বস্তাং দিশি উচ্চরৎ উচ্চরতি উদেতি। की मृशः ७९ ? দেবছিতং দেবৈ ছিতং, यद्या দেবানাং হিতং প্রিয়ম্। শুক্রং, শুক্রং পাপসংস্ষ্টং শোচিত্মৎ বা তশু প্রসাদাৎ শতং শরদঃ বর্ষাণি বরং পঞ্চেম শতবর্ষপর্য্যন্তং বরং অব্যাহতচক্ষুরিজিরা ভবেম। শতং শরদঃ জীবেম অপরাধীনজীবনা ভবেম। শতং শ্রদঃ শূণুরাম স্পষ্টশ্রোতেন্দ্রিয়া ভবেম। শতং শরদঃ প্রব্রবাম অস্থালিত বাগিন্দ্রিয়া ভবেম। শতং শরদঃ অদীনাঃ স্থাম ক্স্তাপ্যগ্রে ন দৈন্তং কুর্য্যাম। শতাৎ শরদঃ শতবর্ষপর্য্যন্তোহপি ভূরশ্চ বহুকালং পশ্তেমেত্যাদি ষোজ্যম্। উচ্চরৎ লেট্ তিপ্ ইতশ্চ লোপ্যঃ পরশ্বৈ পদেষু ইতি ইকার-লোপঃ লেটোহ ডাটো ইতি ষট্ আগমঃ। পশ্তেমেত্যাদি—প্রার্থনায়াং লিঙ্ব। শরদঃ অত্যন্তসংযোগে দ্বিতীয়া॥ ২৩

অমুবাদ।—অথর্কার পুত্র দধীচি ঋষি, সুর্য্যো দেবতা, উঞ্চিক ছনাঃ মহাবীরযোগের আদি অন্ত ও শান্তি কার্য্যে প্রযুক্ত হয়। আমরা বাঁহার স্তব করিতেছি—সেই পবিত্র মূর্ত্তি, দেবগণপ্রিয় স্থ্য জগতের চক্ষু:স্বরূপ পুর্বাদিকে উদিত হইতেছেন, তাঁহার প্রদাদে আমরা যেন শতবৎসর ধরিরা দেখিতে পাই, শত বৎসর যাবৎ জীবিত থাকি, শতবৎসর যাবৎ ভনিতে পাই, শতবৎদর যাবৎ কথা কহিতে পারি, শতবৎদর ধরিয়া দৈশ্রহীন হই এবং শতবৎসরের পরেও বহুকাল পর্যান্ত এইরূপ থাকি॥ ২৩ CCO. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

সূর্য্য ঋষিঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ স্বয়স্ত্র্রসি,, শ্রেপ্তো রশ্মির্ববর্চ্চোদা অসি, বর্চ্চোমে দেহি সূর্য্যস্থারতমন্বাবর্ত্তে॥ ২৫

ট্রকা।—উবরমিতি। বরম্ তনসম্পরি তমস উপরি, রাত্তেরদ্ধং বর্জমানং জ্যোতিঃ তেজস্বিনং উত্তরং উদাততরং উৎকৃষ্টতরং বা দেবত্রা দেবের মধ্যে দেবং দ্যোতনাদিগুণবৃক্তং স্বর্যাং পশুগুঃ স্ততিভিক্নপাসীনাঃ সন্তঃ উত্তমং উৎকৃষ্টতমং জ্যোতিঃ স্বর্যারূপং অগন্ম প্রাপ্রাম [তমসম্পরি পঞ্চম্যাঃ পরাবধ্যর্থে ইতি বিদর্গন্থ সত্বম্। জ্যোতিপশুগুঃ—"ইম্প্রাঃ দামর্থ্যে" ইতি বিদর্গন্থ বত্বম্। দেবত্রা দেব-মন্তব্য-পুক্ম-পুক্মর্জ্যেভ্যো দিতীয়া সপ্তম্যোর্ক্র্লমিতি সপ্তম্যর্থে ত্রাপ্রত্যায়:। অগন্ম—"ছন্দ্রদিত্ত্বা লিটঃ" ইতিপ্রার্থনায়াং লঙ্জি "বহুলং ছন্দ্র্মি" ইতি শপো লুক্ "স্বোন্দ্র" ইতি—ধাতোর্ম্মকারশু নকারঃ]॥ ২৪

টীকা।—হে স্থ্য! ত্বং স্বয়ন্ত্বঃ (অক্তকঃ স্বয়ংসিদ্ধঃ) অসি ভবসি।
শ্রেষ্ঠঃ (প্রশস্তকঃ) রশ্মিঃ (মণ্ডলশরীরাভিনানী হিরণ্যগর্ভাখ্যোহিসি;
স্থ্যিস্ত সপ্ত রশ্মাঃ সন্তি,—চতুর্দিক্ষ্ চত্বারঃ একঃ উপরি একঃ অধস্তাৎ;
সপ্তমো মণ্ডলাভিমানী হিরণ্যগর্ভঃ পুরুষঃ স শ্রেষ্ঠঃ স ত্বম্ অসি।) যতত্বং
বর্চ্চোদাঃ অসি তেজসো দাভাসি, অতঃ নে মহুং বর্চঃ ব্রহ্মবর্চ্চসং দেহি।
আবর্তনম্ আবৃৎ স্থ্যিস্ত সম্বন্ধিনীম্ আবৃতম্ আবর্তনম্ অকু অকুস্ত্য
অহমপি আবর্তে প্রাদক্ষিণ্যেন আবর্তনং করোমি॥ ২৫

অনুবাদ।—প্রস্কৃ ঝিষ, অনুষ্ট্পূছনঃ সূর্য্য দেবতা সৌত্রামণ্য যজ্ঞান্তে স্নানকালে সূর্য্যোপাসনায় প্রয়োগ হয়। আমরা তমোগুণাতীত তৈজস্বী সর্ব্বোৎকৃষ্ট জ্যোতিঃস্বরূপ উদীয়মান দেবদেব দিবাকরকে উপাসনা কালে দর্শন করি॥ ২৪

অনুবাদ।—হর্যা ঋষি হর্যা দেবতা হুর্যোপস্থানে প্রয়োগ হয়। হে হুর্যা! তুমি স্বয়স্ত্, তুমি সর্ব্বোত্তন কিরণ মণ্ডলমধ্যরূপ হিরণ্যগর্ভ CCO. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi হিরণ্যস্থাঙ্গিরা ঋষিঃ ত্রিষ্টুপ্ছন্দঃ সবিতা দেবতা সূর্য্যোপ-স্থানে বিনিয়োগঃ। ওঁ আকৃষ্ণেন রজসা বর্ত্তমানো, নিবেশয়ন্নমূতং মর্ত্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা দেবো যাতি ভুবনানি পশ্যন্॥ ২৬

অনন্তর গায়ত্রীর অঙ্গন্তাস করিবে। মন্ত্র যথা—

"ওঁ হাদরার নমঃ" বলিরা তর্জনী মধ্যমা ও অনামিকা দারা হাদর স্পর্ল করিবে, "ভূঃ শিরদে স্বাহা" বলিরা তর্জনী ও মধ্যমার পৃষ্ঠদেশ দারা মস্তক, "ভূবঃ শিথারৈ বষট্" বলিরা বৃদ্ধাঙ্গুর পৃষ্ঠ দারা শিথাদেশ, "ওঁ স্বঃ কবচার তুং" বলিরা দক্ষিণ হস্তের পঞ্চাঙ্গুলীর অগ্রভাগ দারা বামবাহুমূল ও বাম হস্তের পঞ্চাঙ্গুলীর অগ্রভাগ দারা দক্ষিণ বাহুমূল, "ওঁ ভূভূ বঃ স্বঃ নেত্রত্রয়ায় বৌষট্" বলিয়া কনিষ্ঠা অনামা ও অঙ্গুঠের অগ্রভাগ দারা নেত্রস্পর্শ করিবে। পরে "ওঁ ভূভূ বঃ স্বঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্" বলিয়া তর্জনী ও মধ্যমা বোগ করিয়া বাম হস্তের পৃষ্ঠ ও তলদেশ স্পর্শ করতঃ তালি দিবে। এইরূপে তিনবার অঙ্গুভাস করিবে।

অনন্তর নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে, মন্ত্র যথা—

গায়ত্র্যা বিশ্বমিত্রঋষিগায়ত্রীছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ ॥ ২৭

নামক রশ্মি, তেজোদাতা; অতএব আমাকে তেজ প্রদান কর। স্থ্য বেরূপ পৃথিবীকে প্রদক্ষিণ করিতেছেন, আমিও বেন তদ্ধপ প্রদক্ষিণের ফল প্রাপ্ত হই॥ २৫

অম্বাদ।—হিরণ্যস্তৃপ অঙ্গিরা ঋষি, ত্রিইপৃছন্দঃ স্থ্য দেবতা স্থ্যোপস্থানে প্রয়োগ হয়। স্থ্যদেব শৃত্তমার্চের পুনঃ ঘূর্ণায়মাণ হইয়া অমরগণকে এবং মন্ত্রয়াগকে স্ব স্ব স্থানে নিবেশিত করিয়া সকল লোককে উদ্ভাসিত করিয়া স্থবর্ণময় রথে আরোহণ করিয়া আসিতেছেন ॥২৬ উপরোক্ত মন্ত্র পাঠের পর দক্ষিণ হস্তের অনামিকা দ্বারা বাম করতলে একটী ত্রিকোণ মণ্ডল লিখিয়া করকচ্ছপিকা মুদ্রাযোগে গায়ত্রীর ধ্যান করিবে এবং ধ্যানের পরে বাম করতল মস্তকে স্পর্শ করাইবে।

পায়ত্রী-প্র্যান।

ওঁ শেতবর্ণা সমুদ্দিষ্টা কৌষেয়য়সনা তথা।
শেতৈর্বিবলেপনৈযুঁক্তা অলঙ্কারৈশ্চ ভূষিতা॥
অক্ষসূত্রধরাদেবী পদ্মাসন-গতাশুভা।
আদিত্যমণ্ডলান্তস্থা ব্রন্মলোকগতাইথবা॥
শ্রোভ্যুসক্ষ্যান্ত্র পান্তব্রী-প্র্যান্ম।

প্রাতঃ কুমারীং রক্তাঙ্গীং রক্তবাসসং ত্রিনেত্রাং বরদাঙ্কুশাক্ষ-মালা-কমগুলুধরাং হংসারুঢ়াং ঋথেদসহিতাং ব্রহ্মাদৈবত্যাং ভূর্লোকব্যবস্থিতাম্ ॥ ২৮

মধ্যাক্ত-সব্দ্যান্ত পান্তব্ৰী-প্ৰ্যান্ত।

মধ্যাক্তে যুবতীং শ্বেতাঙ্গীং শ্বেতবাসসং ত্ৰিনেত্ৰাং পাশাঙ্কুশত্ৰিশূল-ডমরুকরাং বুষারুঢ়াং যজুর্বেবদসহিতাং রুদ্রটেদবত্যাং
ভূবর্লোকব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং সাবিত্রীমাবাহয়িয়ে॥ ২৯

সাহং সক্রায় গায়ত্রী-প্রান।

সায়াক্তে বৃদ্ধাং কৃষ্ণাঙ্গীং কৃষ্ণবাসসং ত্রিনেত্রাং শব্দচক্রগদা-পদ্মহস্তাং গরুড়ারুঢ়াং সামবেদসহিতাং বিষ্ণুদৈবত্যাং স্বর্লোক-ব্যবস্থিতাং আদিত্যপথগামিনীং সরস্বতীমাবাহয়িষ্টেয় ॥ ৩০

অনন্তর ক্বতাঞ্জলি হইয়া গায়ত্রীর আবাহন করিবে।

দেবা ঋষয়ঃ শুক্রং দৈবতং গায়ত্রীচ্ছন্দঃ গায়ত্রাবাহনে বিনিয়োগঃ। ওঁ তেজোহসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি॥ ৩১

ওঁ আয়াহি বরদে দেবি ত্রাক্ষরে ব্রহ্মবাদিনি। গায়ত্রি ছন্দসাং মাতর্ব ক্ষযোনি নমোহস্ত তে॥ অন্তন্তব্র পাত্রতী জ্বস। *

গায়ত্ত্রী জপ করিবার পূর্ব্বে নিয়লিথিতরূপ গায়ত্রীর ঋষ্যাদি শ্বরণ করিয়া পরে গায়ত্রী জপ আরম্ভ করিবে।

বিমল ঋষিঃ পরমাত্মা দেবতা গায়ক্র্যুপস্থানে বিনিয়োগঃ। ওঁ গায়ত্র্যুস্যেকপদী দ্বিপদী ত্রিপদী চতুষ্পগুপদসি নহি পগুসে নমস্তে তুরীয়ায় দর্শতায় পদায় পরোরজদেহসা বদোমাপ্রাপৎ॥ ৩২

'ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষিগায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ।

টীকা।—তেজাংশীতি। হে গায়ি । তং তেজাংসি ব্রহ্মতেজঃস্বরূপাদি-শুক্রমসি সবিত্রূপত্বাং দীপ্তিমত্যসি অমৃতমসি অমর্ণপ্রদাসি
মুক্তিদা অসি। ধাম ধীয়তে স্থাপ্যতে চিত্তবৃত্তি দেঁ বৈরত্রেতি ধাম,
উপাসকৈশ্চিন্তনীয়াসি। তথা নাম নাময়তি আত্মানং প্রতি সর্ব্বানিতি
নাম, সবৈর্ধঃ প্রণম্যাসি। দেবানাং উপাসকানাং প্রিয়ং ইষ্টং অনাধুষ্টং
অনভিভূতং দেব্যজনং দেবাঃ ইজ্যন্তে অনেনেতি দেব্যজনং যাগসাধনং
বৈদিক মন্তর্জাতং জ্বসি সর্ব্বান্তময়জাং॥৩১

টীকা।—গায়ত্রীতি। যশ্চতুর্বিংশত্যক্ষরা গায়ত্রী অতঃ অষ্ট্রী অষ্ট্রো অক্ষরাণি তস্তা একৈকং পদম্। তত্র ভূম্যন্তরীক্ষত্যরূপাণি অষ্ট্রো

অন্ধবাদ। দেবগণ ঋষি, গায়ত্রী ছলাং, শুক্র দেবতা গায়ত্রী আবাহনে প্রয়োগ হয়। হে গায়ত্রি! তুমি বন্ধতেজােরপিণী; তুমি দীপ্তিমতা, তুমি মুক্তিদায়িনী, তুমি চিন্তনীয়া, তুমি বন্দানীয়া, তুমি দেবতাদিগের অভীষ্ট ঈশ্বরোপাসনার মন্ত্র॥ ৩১

 ^{*} গায়এী জপ করিবার পূর্ব্বে গায়এীর শাপোদ্ধার ও গায়এী কবচ পাঠ করা উচিত
 [সামবেদীয় সন্ধ্যা ২২ ও ২৪ পৃষ্ঠা ক্রষ্টব্য]।

জ্ঞপের নিয়ম।

অঙ্গুষ্ঠের অগ্রভাগ দারা ক্রমে অনামিকার দিতীয় পর্ব্ব হইতে আরম্ভ করিয়া নিম্ন দিক দিয়া অনামিকার প্রথম পর্ব্ব, কনিষ্ঠার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পর্বা, অনামিকা মধ্যমা তর্জনীর শেষ ও উক্ত তর্জনীর দ্বিতীয় ও প্রথম পর্ব্ব পর্যান্ত স্পর্শ করিবে। এইরূপ জপ করিলেই দশবার জপ श्हेया थाएक।

অক্ষরাণি প্রথমং পদম্, ঋগ্যজু:-সামরূপাণি অষ্টো অক্ষরাণি দিতীয়ং পদম্. প্রাণাপান-ব্যানরপাণি অষ্টো অক্ষরাণি তৃতীয়ং পদম্। অথাস্থা এতদেব তুরীয়ং পদং য এষ আদিতান্তপতি। অতএব উচ্যতে হে গায়ত্রি! স্বম্ একপদী দ্বিপদী ত্রিপদা চতুষ্পদী চ অসি। য ইমান ত্রীন লোকান প্রতি-গৃহীয়াৎ, সোহস্তাঃ প্রথমং পদমাপুরাৎ; যাবতীরং ত্রমী বিছা যন্তাবতীং প্রতিগৃহ্দীরাৎ সোহতা দ্বিতীয়ং পদমাপুরাৎ। যাবদিদং প্রাণিজাতং যন্তাবৎ প্রতিগৃহীয়াৎ, দোহস্তান্ত্তীয়ং পদমাপুরাৎ। অথাস্তা বৎ তুরীয়ং পদং য এষ তপতি, নৈতৎ কেন চ আপ্যম। অতএব উচ্যতে—অপৎ অসি, যতো ন হি পছদে ন আপ্যদে, ন পছতে আপ্যতে ইতি অপং। তে তব তুরীয়ায় পদায় (আদিত্যরূপায়) নমঃ। কীদৃশায় ? দর্শতায় (দর্শনীয়ায় তুরাপত্বাৎ কেবলং দৃশুমানায়)। পরোরজ্ঞে (রজ্যেগুণাতী-ভার গুদ্ধসন্ত্রমরার)। দর্শতার দৃশধাতোঃ "ভূ-মূ-দৃশি-বজি পর্ব্ধি-পচ্যমি-তমি ন-মিহর্ষেভ্যোহতচ্" ইতি কর্মণি অতচ্। ৩২

অমুবাদ।—প্রাতঃকালে কুমারী, রক্তাঙ্গী, রক্তবসনা, ত্রিনেত্রা, বর-অঙ্কশ-অক্ষমালা ও কমগুলুধারিণী, হংসারঢ়া, ঋথেদযুতা, ভূর্লোকস্থিতা, আদিত্যপথগামিনী, ব্রহ্মরূপিণী গায়ত্রীকে আবাহন করি॥ ২৮

অনুবাদ।--মধ্যাক্তে যুবতী, খেতাঙ্গী, খেতবদনা, ত্রিনয়না, পাশ-अङ्ग-विग्न-एमक्ररुषा, त्रवाश्ना यञ्चर्त्वम-यूठा ज्वर्ताकश्चिण आहिण-পথগামিনী রুদ্ররূপিণী দেবী সাবিত্রীকে আবাহন করি॥ ২৯ CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাতঃসন্ধ্যার হস্ত চিৎ করিয়া মধ্যাহ্ন সন্ধ্যার হস্ত হৃদরাভিম্ধে রাধিরা এবং সারংকালে হস্ত উপুড় করিয়া জপ করা বিধি।]

পাৰ্তী।

ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিভূর্ববরেণ্যং ভর্গো দেবস্থ ধীমহি ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ৩৩

তানভার গায়ত্রী বিসর্জ্জন।

ওঁ উত্তরে শিখরে দেবি ভূম্যাং পর্ববতবাসিনি।
ব্রাহ্মণৈঃ সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথাস্থুখম্॥ ৩৪
[পরে নিম্নলিখিত মন্ত্রে এক এক গণ্ডৃষ জল দিবে]।
ওঁ দিগ্ভ্যো নমঃ। ওঁ দিগ্দেবতাভ্যো নমঃ। ওঁ
ব্রহ্মণে নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ ওষধিভ্যো নমঃ। ওঁ

অমুবাদ।—সারাহ্ণে বৃদ্ধা, কৃষ্ণাঙ্গী, কৃষ্ণবসনা, ত্রিলোচনা, শঙ্চক্র-গদা-হস্তা ও গরুড়াসনা, সামবেদগমন্বিতা, স্বর্লোকস্থিতা, আদিত্যপথগামিনী বৈষ্ণবী দেবী সরস্বতীকে আবাহন করি॥ ৩•

অমুবাদ।—বিমল থবি, পরমাত্মা দেবতা, গায়ত্রীর উপাসনায় প্রয়োগ হয়। হে গায়ত্রি! তুমি একপদী অর্থাৎ ভৃঃ ভ্বঃ স্বঃ এই লোকত্রয় তোমার প্রথম পদ, তুমি দিপদী অর্থাৎ থক্ বজু সাম এই বেদত্রয় তোমার দিতীয় পদ। তুমি ত্রিপদী—অর্থাৎ প্রাণ, অপান, ব্যান এই বায়ুত্রয় তোমার তৃতীয় পদ। তুমি চতুষ্পদী—অর্থাৎ আদিত্যদেব তোমার চতুর্থ পদ। তুমি অপদ অর্থাৎ—অপ্রাণ্য; যে হেতু তোমাকে অনায়াসেলাভ করা যায় না। তোমার ঐ যে দর্শনীয় রজ্যোগুণাতীত চতুর্থ পদ দিবাকর তাঁহাকে আমি প্রণাম করি। ৩২

অমুবাদ।—তুমি দীপ্তিশালিনী, তুমি ভূমিতলে অবস্থিত সুমেরু পর্বতের উত্তর শিথরদেশে বাস কর। হে দেবি! তুমি ব্রাহ্মণদিগের নিকট অমুক্তা পাইয়া স্থাধে তথায় গমন কর॥ ৩৪

অগ্নরে নমঃ। ওঁ বাচে নমঃ। ওঁ বাচস্পতরে নমঃ। ওঁ বিষণ্ধবে নমঃ। ওঁ মহতে নমঃ। ওঁ অদ্ভ্যো নমঃ। ওঁ অপাং পতরে নমঃ। ওঁ বরুণায় নমঃ॥ ৩৫

সূৰ্য্যাৰ্ঘ্য।

[অনন্তর অর্ঘ্য বা জল লইয়া নিয়লিথিত মত্ত্রে স্থ্যার্ঘ্য প্রদান করিবে।]

ওঁ নমো বিবস্থতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।
জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে।
এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পার মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর॥
এষোহর্ষ্য ওঁ নমো ভগবতে শ্রীসূর্যায় নমঃ॥ ৩৬

প্রপাম-মস্ত্র।

[অনন্তর নিয়লিখিত মত্ত্রে স্থ্যকে প্রণাম করিবে।]
ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেরং মহাত্যুতিম্।
ধ্বান্তারিং সর্ববপাপত্মং প্রণতোহিন্মি দিবাকরম্।
ওঁ নমঃ সবিত্রে জগদেকচক্ষুষে, জগৎপ্রসূতিস্থিতিনাশহেতবে।
ত্রীময়ায় ত্রিগুণাত্মধারিণে, বিরিঞ্জি-নারায়ণ-শঙ্করাত্মনে॥ ৩৭

অনুবাদ।—হে সবিভূদেব! ভূমি তেজামর দীপ্তিমান্, বিশ্বব্যাপি-তেজের আধার, জগতের কর্ত্তা, পবিত্র, সর্বজীবের কর্ম্মপ্রবর্ত্তক, তোমাকে প্রণাম করি। এই অর্থ স্থ্যদেবকে প্রদান করিলাম॥ ৩৬

অমুবাদ।—জবাকুমুম তুল্য লোহিতবর্ণ, কখ্যপের পুত্র, অতিশার

ক্ষনা প্রার্থনা।

অনন্তর এক গণ্ড্য জল লইয়া বক্ষ্যমাণ মন্ত্রপাঠ করিয়া গায়ত্রীর নিকট ক্ষমা প্রার্থনা করিবে। মন্ত্র যথা—

> ওঁ যদক্ষরং পরিভ্রম্টং মাত্রাহীনঞ্চ যস্তবেৎ। পূর্ণং ভবতু তৎসর্ববং হৎপ্রসাদাৎ স্থরেশ্বরি॥ ৩৮

ব্ৰমায্ত্ত। *

প্রথমে আচমন করিয়া গায়ত্রী স্মরণপূর্ব্বক বেদাদি মন্ত্রচতুষ্টন্ন পাঠের নাম বন্ধবজ্ঞ। মন্ত্র যথা—

ঋথেদাদিমন্ত্রস্থ মধুচ্ছন্দ ঋষিগায়ত্রীচ্ছন্দোহগ্নির্দ্দেবতা ব্রহ্ময়জ্ঞ জপে বিনিয়োগঃ।

দীপ্তিশালী, তমোবিনাশক, অথিল কল্বহারী, দেব দিবাকরকে আমি প্রণাম করি। বিনি জগতের চক্ষ্ অর্থাৎ প্রকাশক, বিনি জগতের সৃষ্টি পালন ও প্রলয়ের একমাত্র কারণ, বিনি বেদময়, এবং সন্থ রক্ষঃ তমঃ এই ত্রিপ্তণ-ভেদে ব্রহ্মা বিষ্ণু ও শঙ্কর মূর্ত্তি ধারণ করেন, সেই স্থ্যদেবকে নমস্কার॥ ৩৭

অমুবাদ।—এই সন্ধ্যার উপাদনার যদি কোনও অক্ষরের উচ্চারণ না করিয়া থাকি, এবং যদি কোন মাত্রার উচ্চারণ না হইয়া থাকে, হে স্বরম্বেরি গায়ত্রি! তোমার প্রসাদে তৎসমস্ত সম্পূর্ণ হউক॥ ৩৮

^{*} সমর্থ হইলে বন্ধয়ন্ত সমাপনাতে গায়ত্রী শাপোদ্ধার গায়ত্রীহৃদয় ও গায়ত্রী কবচ
পাঠ করিবে। গায়ত্রী শাপোদ্ধার ২২ পৃঃ ও গায়ত্রী কবচ ২৪ পৃঃ ড্রষ্টব্য। ষজুর্বেদীর
বাহ্মণগণ নিত্য তর্পণ করিলে স্থ্যার্ঘ্য দানের পূর্বেব ব্রহ্ম যক্ত করিয়া তর্পণ করিবেন
এবং তর্পণাত্ত স্থ্যার্ঘ্য দান করিবেন।

ওঁ অগ্নিমীড়ে পুরোহিতং যজ্জস্থ দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্। (ক)

যজুর্বেবদাদিমন্ত্রস্থ পরমেষ্ঠা প্রজাপতিখ্ব ষিঃ শাখা বৎসগাবো দেবতাঃ উষ্ণিক্চছনদঃ শাখাচেছদন-সন্নয়ন-বৎসোপস্পর্শনে বিনিয়োগঃ।

ওঁ ইবে ছোর্জ্জে ছা বায়বঃ স্থ, দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্দ্মণে। (খ)

অমুবাদ—ঋথেদের প্রথম মস্ত্রের ঋষি মধুচ্ছন্দ, ছন্দঃ গায়ত্রী, দেবতা অগ্নি, ব্রহ্মযজ্ঞদপে প্রয়োগ হয়। যিনি আহবনীয়ন্ত্রপে যজ্ঞভূমির পূরোভাগে অবস্থিত, যিনি দীপ্যমান, দানাদিগুণযুক্ত দেবযজ্ঞের হোতৃত্বরূপ পুরোহিত এবং যিনি যজ্ঞফলস্বরূপ রত্নের সমধিকরূপে ধারণকর্তা, দেই অগ্নিকে আমি স্তব করি॥ (ক)

অমুবাদ—যজুর্বেদের আদি মন্ত্রের পরমেষ্ঠা প্রজাপতি ঋষি, শাখা, বৎস ও গোগণ দেবতা, উষ্ণিক্ ছন্দঃ, শাখাচ্ছেদন, সন্তরন এবং বৎসোপস্পর্শনে প্রয়োগ হয়। হে শাখে! বৃষ্টির জন্ত তোমাকে ছেদন করিব। সেই আহুতি স্থর্যাদেব সমীপে উপনীত হইবে। দিবাকর হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে আমাদের অন্ন উৎপন্ন হইবে। হে বৎসগণ! তোমরা তোমাদের জননীর নিকট হইতে গমন কর, তোমরা নিরন্তর গাভীর নিকটে অবস্থান করিও না, তাহা হইলে আমরা সান্নংকালে হগ্ম পাইব না। আমাদের হগ্ম সংগৃহীত না হইলে হোমের হবি প্রস্তুত হইবে না। হে গাভী সকল! যজ্ঞাদি কর্ম্ম সম্পাদনার্থ স্থ্যাদেব তোমাদিগকে তৃণপূর্ণ বনে প্রেরণ করুন; তোমরা তুণ ভক্ষণ করিয়া হগ্ম দান করতঃ স্থানাদের মুক্তরার্থের সহায় হার হার প্রস্তুত হারে স্থানাদের মুক্তরার্থের সহায় হার স্থানাদের মুক্তরার্থের সহায় হার সান্ধি প্রাদেব তোমাদিগকে তৃণপূর্ণ বনে প্রেরণ করুন; তোমরা তুণ ভক্ষণ করিয়া হগ্ম দান করতঃ

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪)

তিবেদীয়-সন্ধ্যাবিধিঃ।

সামবেদাদিমন্ত্রস্থ গোতম ঋষিগায়ত্রীছন্দোহগ্নিদ্বেতা ব্রহ্মযজ্ঞজপে বিনিয়োগঃ।

ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে। নিহোতা সৎসি বহিষি॥ (গ)

অথর্ববেদাদিমন্ত্রস্থ দধ্যঙ্ঙাথর্ববণঋষিগায়ত্রীছনদঃ আপোদেবতা শান্তিকরণে বিনিয়োগঃ।

ওঁ শন্নো দেবীরভীষ্টয়ে আপো ভবন্ত পীতয়ে শংযোরভি-স্রবন্ত নঃ॥ (घ)

[অনন্তর এক গণ্ড্য জল লইয়া]—ক্তৈতং (অমুক) সন্ধ্যা কর্মা-হচ্ছিদ্রমন্ত । ক্তেহিম্মিন্ (অমুক) সন্ধ্যা কর্মাণি যদ্যদ্বৈশুণ্যং জাতং তদ্যোষপ্রশামনার শ্রীবিফোর্নামম্মরণমহং করিয়ে। (শ্রীবিফু: শ্রীবিফু: (দশবার জপ করিবে)।

ইতি যজুর্বেদীর সন্ধ্যা প্রয়োগ সমাপ্ত।

্রি এই প্রণালীতে সর্ব্ব শাখার যজুর্ব্বেদীয় উপবীতিগণ প্রাতঃ সন্ধ্যার পর শিবার্চনাদি করিয়া, যথাকালে মধ্যাক্ত সন্ধ্যা ও সায়ংসন্ধ্যা করিবেন।

অন্ধবাদ। সামবেদের আদি মন্ত্রের গৌতম ঋবি, ছন্দঃ গায়ত্রী, অগ্নি দেবতা, ব্রহ্মযজ্ঞে প্রযুক্ত হয়। হে হুতাশন! তুমি আছতি ভক্ষণের জন্ম এবং দেবগণকে হবিভাগি অর্পণ করিবার জন্ম আগমন কর এবং আমাদের প্রার্থনায় হোতা হইয়া এই আস্তীর্ণ কুশের উপর অধিগ্রান কর॥ (গ)

অথর্কবেদের আদি মত্রের দধ্যত্ত আথর্কণ ধাবি, গার্থ্রী ছনঃ, অপ্ দেবতা, শাস্তিক্রিয়ায় প্রেরোগ হয়। দেবতাস্থরপ জল সকল আমাদের পাপরাশি বিনষ্ট করিয়া স্থথকর হউন, আমাদের উৎপন্ন ব্যাধিসমূহের উপশমন এবং অমুৎপন্ন ব্যাধি নিবারণকারী হউন, জল আমাদের প্রবিত্তা রক্ষা করিবার জ্ঞা করিত হউন॥ (ঘ)

নিভ্যপাই্য বিক্তুন্তবঙ্গ।

ওঁ অচ্যুতং কেশবং বিষ্ণুং হরিং সত্যং জনার্দ্দনম্।
হংসং নারায়ণকৈব এতন্নামাউকং শুভম্॥ ১
ক্রিসন্ধ্যং যং পঠেনিত্যং পাপং তস্থ ন বিছতে।
শক্রেসৈন্থাং ক্ষয়ং যাতি ত্বঃম্বপ্নঃ স্ক্রম্বপ্নো ভবেৎ॥ ২
গঙ্গায়াং মরণকৈব দৃঢ়া ভক্তিশ্চ কেশবে।
ব্রহ্মবিছা-প্রবোধশ্চ তম্মান্নিত্যং পঠেন্নরঃ॥ ৩

ইতি শ্রীবন্ধপুরাণে শ্রীবিফোর্নামাষ্টকং স্তোত্রং সমাপ্তম্। ওঁ তৎ সৎ ওঁ তৎ সৎ, ওঁ বদক্ষরং পরিভ্রষ্টং মাত্রাহীনস্ত বদ্ভবেৎ। পূর্ণং ভবতু তৎসর্বং ত্বৎপ্রসাদাৎ জনার্দন।

প্রণাম মন্ত্র।

নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
পাপোহহং পাপকর্মাহহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুগুরীকাক্ষ সর্ববপাপহরো হরিঃ॥

ঋरधमोत्र मक्कारिविशे।

আচমন-বিধিপ্ত।

প্রথমে হন্তপদ প্রকালন ও শিথাবন্ধন করিয়া পূর্ব্ব কিংবা উত্তরাস্ত হইয়া উপবেশন-পূর্ব্বক নিম্ন লিখিত নন্ত্র পাঠ করিয়া আত্মগুদ্ধি করিবে। সন্ত্র যথা—

> ওঁ অপবিত্রঃ পবিত্রোবা সর্ববাবস্থাং গতোহপিবা। যঃ স্মরেৎ পুগুরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরং শুচিঃ॥

একটীমাত্র মাধকলায় ভূবিতে পারে, এইরূপ জল গোকণাকৃতি
• দক্ষিণ হস্তের ব্রান্ধতীর্থে † তিনবার লইয়া "ওঁ বিষ্ণুঃ" এই মস্ত্রে
তিনবার জল পান করিবে। পরে হস্ত প্রক্ষালন করিয়া, অন্ধূর্য্যুগ্

ঘারা মুখের দক্ষিণদিক্ হইতে বামদিক ছইবার মার্জন করিবে।
তদনস্তর ভর্জনী, মধ্যমা ও অনামিকা এই অন্ধূলিত্রয় মিলিত করিয়া,
তদগ্রভাগ ঘারা ওঠাধর ছইবার স্পর্শ করিবে। পরে অন্ধূর্যু ও
তর্জ্জনীর মিলিত অগ্রভাগ ঘারা নাসাপুট্ছয় স্পর্শ, অন্ধূর্যু ও অনামিকার
মিলিত অগ্রভাগ ঘারা দক্ষিণ ও বাম নেত্র এবং দক্ষিণ ও বাম কর্ণ,
অন্ধূর্যু ও কনিষ্ঠার মিলিত অগ্রভাগ ঘারা নাভিদেশ, করতল ঘারা
কক্ষঃস্থল, সমস্ত অন্ধূলীঘারা মস্তক এবং সর্কান্ধূলীর মিলিত অগ্রভাগ ঘারা
দক্ষিণ ও বাম বাহুমূল স্পর্শ করিয়া, হস্তপ্রক্ষালন পূর্ব্বক বক্ষ্যমাণ মস্ত্রে
বিষ্ণুশ্বরণ করিবে; যথা।—

ওঁ তদ্বিষ্ণাঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্। (ক)

এইরপে হুইবার আচমন করিবে। অনন্তর অঙ্কুশ মূদ্রা দারা নিম্নলিখিত মন্তে জলগুদ্ধি করিবে, মন্ত্র বর্থা—

> ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু-কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু॥

সন্ধ্যার সময় অতীত হইলে দশবার গায়ত্রী-জপ-স্বরূপ প্রায়শ্চিত্ত করিয়া পরে আপোমার্জন করিবে।

অনুবাদ।—আকাশে প্রদারিত নয়ন যেরূপ অনায়াসে সর্বপ্রকাশময়
স্থ্যকে দর্শন করে, সেইরূপ জ্ঞানিগণও অনায়াসে বিষ্ণুর বেদাদি-প্রসিদ্ধ
পরমপদ অর্থাৎ উৎকৃষ্ট তত্ত্ব সর্বাদা দেখিতে পান। (ক)

দক্ষিণ করের মধ্যের তিনটা অনুনিকে মিলিত ও উন্নত করিয়া ঈষৎ বাঁকাইয়া
ধরিয়া অনুষ্ঠ ও কনিষ্ঠাকে পৃথক্ ভাবে ধরিলেই গোকর্ণাকৃতি হয়।

[🕇] मिकन श्राव्यत्र व्यक्षंत्र निष्म य नीर्च दिशा, जारारे बाकाजीर्थ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

আপোমার্জনম।

বক্ষ্যমাণ ছয়টী মন্ত্র পাঠ করিয়া মন্তকে এক একবার জলের ছিটা দিয়া মার্জ্জন করিবে। ইহাকেই আপোমার্জ্জন বলে। যথা—

ওঁ শর আপো ধর্ম্যাঃ শমনঃ সন্ত নৃপ্যাঃ। শরঃ সমুদ্রিয়া আপঃ শমনঃ সন্ত কৃপ্যাঃ॥ ১

ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ স্বিন্ধঃ স্নাতো মলাদিব। পূতং, পবিত্রেণেবাজ্য-মাপঃ শুন্ধর মৈনসঃ॥ ২

ওঁ আপো হি ষ্ঠা ময়োভুব,-স্তা ন উৰ্জ্জে দধাতন। মহে রণায় চক্ষসে॥ ৩

ওঁ যো বঃ শিবতমো রস,-স্তস্ত ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ৪

অমুবাদ।—মরুদেশোৎপন্ন জল আমাদের কল্যাণ করুন। অন্প অর্থাৎ জলমন্ন দেশস্থ জল আমাদিগের কল্যাণপ্রদ হউন। সমুদ্রোৎপন্ন জল আমাদিগের মঙ্গল করুন, কৃপোস্তব জল আমাদিগের কল্যাণ-দায়ক হউন॥ ১

অমুবাদ।—ঘর্মাক্ত ব্যক্তি যেরূপ বৃক্ষমূল আশ্রয় করিয়া ঘর্ম হইতে বিমৃক্ত হয়, স্নান করিয়া যেরূপ শারীরিক মল হইতে মুক্ত হওয়া যায়, ম্বত যেমন সংস্কারবিধি দ্বারা শুদ্ধ হয়—তজ্ঞপ জল সকল আমাকে পাপ হইতে পবিত্র করুন॥ ২

অমুবাদ।—হে জল! বেহেতু তোমরা স্বভাবতই স্থপদায়ক, সেইহেতু তোমরা ইহকালে আমাদিগের অন্ন বিধান কর এবং প্রলোকে মহৎ রমণীয় ব্রহ্মদর্শনে অধিকার প্রদান করিও॥ ৩

অনুবাদ। —পুত্রহিতৈষিণী জননীগণ যেরূপ স্তম্তরস্পান করাইয়া পুত্রের মঙ্গল বিধান করেন, হে জল সকল! তোমরাও সেইরূপ ইহকালে আমা-দিগকে তোমাদের মঙ্গলময় রসভোগে অধিকারী কর॥ ৪

40

ওঁ তম্মা অরং গমাম বো, যস্ত ক্ষয়ায় জিম্বথ। আপো জনয়থাচনঃ॥৫

ওঁ খাতঞ্চ সত্যঞ্চাভীদ্ধান্তপসোহধ্যজায়ত। ততো রাত্র্যজায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্শবাদ্ধি সংবৎসরো অজায়ত। অহোরাত্রাণি বিদধদ, বিশ্বস্থ মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা, যথাপূর্বব্যকল্পয়ত্ত। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরিক্ষমথো স্বঃ॥ ৬

অনন্তর সংযত প্রাণে কৃতাঞ্জলি হইরা প্রাণারামের ঋষ্যাদি শ্বরণ করিবে। যথা—

ওঁ কারস্থ ব্রহ্মঋষিগায়ত্রীচ্ছন্দঃ অগ্নি-দেঁবতা সন্ধ্যাকর্মণি সর্ববকর্মারস্তে বিনিয়োগঃ॥ ৭

অমুবাদ।—হে জল সকল! তোমরা তোমাদের ধে রসদারা ব্রহ্ম হইতে তৃণ পর্য্যন্ত অথিল পদার্থকে পরিতৃপ্ত করিতেছ, সেই রসদারা আমরাও যেন তৃপ্তিলাভ করি এবং তোমরাও আমাদিগকে সেই রসভোগের অধিকার প্রদান কর॥ ৫

অমুবাদ।—মহাপ্রলয়কালে কেবল ঋত ও সত্যস্থরূপ প্রব্রহ্মই বিষ্ণমান ছিলেন এবং তৎকালে সমন্তই গাঢ় অন্ধকারময় ছিল। তারপর প্রলয়াবসানে স্পষ্টির প্রাক্কালে সর্বতোভাবে দলোমুথ অদৃষ্টনিবন্ধন অর্থাৎ পূর্বকিনিত জীবসমূহের প্রাক্তনকর্মহেতু জলময় সমুদ্র উৎপন্ন হইল। তৎপরে সেই জ্বলময় সাগর হইতে প্রকাশমান জগতের নির্ম্মাণে সমর্থ ব্রহ্মা উদ্ভূত হইলেন। তিনি পূর্বস্থাইর স্থায় স্থ্যা ও চক্রকে স্পষ্ট করিলেন, তাহাতে দিন ও রাত্রি হইতে লাগিল। এরপে দিন ও রাত্রি হওয়ায় সংবৎসরের স্পষ্ট হইল। অনন্তর স্পষ্টকর্ত্তা ব্রহ্মা পৃথিবী, আকাশ ও স্বর্গ এবং মহরাদি লোকের সৃষ্টি করিলেন॥ ৬

অন্তবাদ।—প্রাণারামে যে ওঁকার, সপ্তব্যাহৃতি, গায়ত্রী ও গায়ত্রী শির

সপ্তব্যাহ্মতীনাং প্রজাপতিখা বি-গায়ক্র্যাহ্মগনুষ্ট ব্ বৃহতী পঙ্ক্তিত্রিষ্ট ব্ জগত্য-শ্ছনদাংসি অগ্নি বায়ু সূর্য্য বৃহস্পতি বরুণেন্দ্র-বিখেদেবা দেবতাঃ (অনা-দিষ্টোপনয়নে) প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ৮

গায়ত্র্যা বিশ্বামিত্রঋষি র্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা, প্রাণায়ামে প্রায়শ্চিত্তে বিনিয়োগঃ॥ ১

গায়ত্রীশিরসঃ প্রজাপতিখ বিত্র স্নাগ্নি বায়ুদিত্যাশ্চতস্রো দেবতাঃ প্রাণায়ামে প্রায়শ্চিত্তে বিনিয়োগঃ॥ ১০

অথ প্রাপারামঃ।

এই প্রকারে ঋষ্যাদি শ্বরণ করিয়া জল ধারা দ্বারা মস্তক বেষ্ট্রন করিয়া দক্ষিণ হস্তের অঙ্গুট্ট্রারা দক্ষিণ নাসিকা বন্ধ করিয়া অর্থাৎ টিপিয়া ধরিয়া বাম নাসিকায় বায়ু আকর্ষণরূপ পূরকপূর্বক মনে মনে নাভিদেশে ব্রহ্মাকে ধ্যান করিবে, যথা——

ওঁ ব্রহ্মাণং রক্তবর্ণং চতুমুখিং দিভুজমক্ষসূত্রকমগুলুকরং হংসাসনসমারুচ্ং ঋথেদমুদাহরন্তং ধ্যায়ন্॥

উচ্চারণ করিতে হর, দেই ওঁকার মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ গায়ত্রী, দেবতা অঘি এবং সকল কর্মের আরস্তে প্রয়োগ হয়॥ ৭

অমুবাদ।—ভূ: ভূব: স্ব: মহ: জন: তপ: সত্যম্ এই সাতটি ব্যাহ্যতির প্রজাপতি ঋষি বথাক্রমে গায়ত্রী, উষ্ণিক, অমুষ্ঠুপ্, বুহতী, পঙজ্জি ত্রিষ্টুব্ জগতি ছন্দঃ, অগ্নি, বায়ু, স্থ্যা, বৃহস্পতি, বরুণ, ইন্দ্র ও বিশ্বেদেব ইহাদের নৈবতা এবং প্রাণায়ামে প্রয়োগ হয়॥ ৮

অন্তবাদ।—গায়ত্রীর বিশ্বামিত ঋষি, গায়ত্রী ছন্দঃ স্থ্য দেবতা এবং প্রাণায়ামে প্রয়োগ হয়॥ ৯

অন্নবাদ। —গায়ত্রীশির: অর্থাৎ "আপো জ্যোতী" ইত্যাদি মস্ত্রের প্রজাপতি ঋষি, বন্ধা, অগ্নি, বায়ু ও স্থ্য এই চারিটি দেবতা এবং প্রাণায়ানে প্রয়োগ হয়॥ ১০

ওঁ ভূং ওঁ ভূবং ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্। ওঁ তৎসবিতুর্ববেণাং, ভর্গো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ওঁ আপো জ্যোতী রসোহমৃতং ব্রহ্ম ভূ-র্ভুবঃ স্বরোম্॥ ১১

তদনস্তর দক্ষিণ অসুষ্ঠ দারা দক্ষিণ নাসিকা এবং কনিষ্ঠা ও অনামিকা দারা বাম নাসিকা টিপিয়া ধরিয়া কুস্তক অর্থাৎ শ্বাসরোধপূর্বক মনে মনে ফুদরে কেশবকে ধ্যান করিবে—

ওঁ কেশবং নীলোৎপলদলপ্রভং চতুর্ভূজং শঙ্খচক্রগদাপদ্মহস্তং গরুড়াসনসমার্ক্য়ং ধজুর্বেবদমুদাহরস্তং ধ্যায়ন্।

ওঁ ভূং ওঁ ভূবং ওঁ সহং ওঁ জনং ওঁ তপং ওঁ সত্যম্॥ ওঁ তৎসবিতুর্ববেরণ্যং, ভর্গো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নং প্রচোদয়াৎ ওঁ॥ ওঁ আপো জ্যোতী রসোহমৃতং ব্রহ্মভূর্ভুবং স্বরোম্॥ ১২

অন্থবাদ।—নাভিদেশে রক্তবর্ণ, চতুর্মুখ, দ্বিভূজ, একহন্তে অক্ষয়ত্র অর্থাৎ রুদ্রাক্ষের জপমালা, অপর হন্তে কমগুলুধারী, হংসবাহন বন্ধাকে ধ্যান করিতে করিতে স্থ্যমণ্ডল-মধ্যবর্ত্তী তেজের প্রাণভূত স্টেইছিতি-সংহারকারিণী, শক্তির অভিন্ন আধার স্বরূপ সেই পর্যবন্ধকে আমি চিন্তা করি। বিনি জন্মমূত্যু ছঃখাদি বিনাশের নিমিত্ত উপাদনীয় এবং যিনি আমাদিগের বৃদ্ধির্ভিকে ধর্ম অর্থ কাম মোক্ষ বিষয়ে প্রেরিত করিতেছেন, তিনি ভূঃ ভূবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ ও সত্য এই সপ্তলোক ব্যাপিয়া আপন জ্যোতিতে প্রকাশিত করিতেছেন, তিনিই জগতের কারণভূত জলস্বরূপ, তিনিই মণিপ্রস্তরাদির তেজঃস্বরূপ, এবং তৃণ বৃক্ষ ওবধির রসস্বরূপ, তিনিই মহায্য, পশু, পক্ষী ও কীটাদির স্থদরে চেতনাত্মরূপে অধিষ্ঠিত, তিনিই ত্রিগুণাতীত পরবন্ধ এবং তিনিই পৃথিবী, আকাশ ও স্বর্গ এই ত্রিলোকস্বরূপ॥ ১১

পরে দক্ষিণ নাসিকান্থিত অঙ্গুষ্ঠ উত্তোলিত করিয়া বাম নাসিকার কনিষ্ঠা ও অনামিকা টিপিয়া রাখিয়া রেচকপূর্ব্বক অর্থাৎ বায়্নিঃসারণ করিতে করিতে মনে মনে ললাটদেশে শস্তুকে ধ্যান করিবে—

ওঁ শব্জুং শেতং দিভুক্ষং ত্রিশূলডমরুকরমর্দ্ধচন্দ্র-বিভূষিতং ত্রিনেত্রং ব্যভন্থং সামবেদমুদাহরন্তং ধ্যায়ন্।

ওঁ ভূঃ ওঁ ভূবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যম্। ওঁ তৎসবিতুর্ববরেণ্যং ভর্গো দেবস্থ ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ। ওঁ আপো জ্যোতী রসোহমূতং ব্রক্ষ্মভূর্ভ বঃ স্বরোম্॥ ১৩

তৎপর দক্ষিণ হস্তে জল লইয়া সম্বন্ধ করিবে মন্ত্র যথা— "ওঁ প্রোতঃ সন্ধ্যা * মুপাসিষ্যে"।

পুনরাশোমার্জনম।

অনন্তর নিম্ন লিখিত মন্ত্র পাঠ পূর্ব্বক মার্জন করিবে। মন্ত্র যথা—
আপো হি ঠেতি ঋক্ত্রয়স্থাম্বরীবঃ সিন্ধু দ্বীপ ঋষিগায়ত্রীচ্ছন্দ
আপোদেবতা মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ঠা ময়োভুব
স্তান উর্জ্জে দধাতন। মহেরণায় চক্ষসে॥ ওঁ যোবঃ শিব তমো
রস স্তম্ম ভাজয়তেই নঃ। উশতীরিব মাতরঃ। ওঁ তম্মা অরং
গমাম বো যস্ত ক্ষয়ায় জিন্নথ আপো জনয়থা চ নঃ।

অনুবাদ।—ছদয়ে নীলোৎপল দলের স্থায় প্রভা বিশিষ্ট চতুর্বাছ, শব্দ-চক্র-গদা-পদ্মধারীগরুড়বাহন কেশবকে ধ্যান করি॥ ১২

অনুবাদ।—ললাটে—শ্বেতবর্ণ, দ্বিভুঙ্গ, ত্রিশূল এবং ডমরুধারী ত্রিনয়ন-বিশিষ্ট, র্ষবাহন শস্তুকে ধ্যান করি॥ ১৩

মধ্যাহ্ন সন্ধ্যা সময়ে 'প্রাতঃ' ত্থানে 'মধ্যাহ্ন' এবং সায়ং সন্ধ্যার সময় 'সায়ং'
 পদ প্রয়োগ করিবে।

প্রভিরাচ্যন্য।

আচনন প্রণালী পূর্বেই উল্লিখিত হইরাছে। প্রাতঃসন্ধ্যার আচ-মনের মন্ত্র যথা—

সূর্য্যশ্চমেতি মন্ত্রস্থা ব্রহ্মঞ্চবিঃ প্রকৃতিশ্ছন্দঃ সূর্য্য-মন্ত্র্য-মন্ত্র্য-মন্ত্র্য-মন্ত্র্য-মন্ত্র্য-মন্ত্র্য-মন্ত্র্য-পতয়ে দেবতাঃ মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ সূর্য্যশ্চ মা মন্ত্র্যশ্চ মন্ত্র্যপতয়শ্চ। মন্ত্র্যকৃতেভাঃ পাপেভাো রক্ষন্তাম। ব্রদ্রাত্র্যা পাপ-মকার্য্যং মনসা বাচা হস্তাভ্যাং পদ্যামুদরেণ শিশ্বা। রাত্রিস্তদবলুম্পত্র, যৎ কিঞ্চ ত্রিতং ময়ি। ইদমহং মা-মমৃত্র্যোনৌ * সূর্য্যে জ্যোতিষি
[পর্মাত্মনি] জুহোমি স্বাহা॥ ১৪

মথ্যাহ্লাচমন্ম।

মধ্যাহ্ন সন্ধ্যার আচমন সময়ে বক্ষ্যমাণ মন্ত্র পাঠ করিয়া আচমন করিবে। যথা—

অমুবাদ।—"স্ব্যুশ্চ মা"—ইত্যাদি মন্ত্রের ঋষি ব্রহ্মা, ছন্দঃ প্রকৃতি, স্ব্যু বজ্ঞ ও ইন্দ্রাদি দেবতা এবং আচমনে প্রয়োগ হয়। স্ব্যু, বজ্ঞ এবং বজ্ঞপতি ইন্দ্রাদি দেবতা এবং আচমনে প্রয়োগ হয়। স্ব্যু, বজ্ঞ এবং বজ্ঞপতি ইন্দ্রিরগণ ক্রোধকত পাপ হইতে আমাকে রক্ষা করুন। অর্থাৎ আমাতে যেন এরূপ ক্রোধের উদর না হয়, যাহাতে আমি তৎপ্রযুক্ত হইয়া কোন কুকার্য্য করি। আমি রজনীযোগে মন, বাক্য, হস্তম্বর, পদয়য়, উদর এবং শিয়্রদ্রারা যে সম্দয় পাপকার্য্য করিয়াছি, রাত্রি-দেবতা তাহা নষ্ট করুন। আমাতে [জ্ঞানাজ্ঞান ক্রত] যে কিছু পাপ আছে, সেই সমস্ত পাপ এবং তৎসম্দায়ের কর্ত্তা আমাকে অর্থাৎ নদীয় লিঙ্গশরীরকে আমি অমৃত্যোনি অর্থাৎ জগৎকারণ স্বর্য্যোপাধি জ্যোতিতে অর্থাৎ স্প্রকাশ পরব্রন্ধে হোম করিলাম, উহা নিঃশেষরূপে ভস্মীভূত হউক॥ ১৪

 [&]quot;ইদমহমাপোঽমৃতবোনৌ" ইতি পাঠান্তরম।

আপঃ পুনন্ধিত্যস্থ নারায়ণঋষিরষ্ঠীচ্ছনদঃ আপোদেবতাঃ
মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্ত পৃথিবীং, পৃথী পূতা
পুনাতু মাম্। পুনন্ত ব্রহ্মণস্পতি-ব্রহ্ম পূতা পুনাতু মাম্॥
যহচ্ছিফ-মভোজ্যঞ্চ, যদ্বা হুশ্চরিতং মম। সর্ববং পুনন্ত মামাপোহসতাঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ ১৫

সায়মাচমনম্।

সায়ং সন্ধ্যায় আচমন সময়ে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া আচমন করিবে।

অগ্নিশ্চমেতি মন্ত্রস্থা ব্রহ্মাথাবিঃ প্রেক্ব তিশ্চনদঃ অগ্নি-মন্যু-মন্যুপতয়ো দেবতাঃ মন্ত্রাচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ মন্যুক্তভোঃ পাপেভাো রক্ষন্তাম্। যদহা পাপ-মকার্বং মনসা বাচা হস্তাভাাং পদ্ভা-মুদরেণ শিক্ষা। অহস্তদবলুম্পতু, যৎকিঞ্চ তুরিতং ময়ি। ইদমহং মা-মমৃত্যোনো # সত্যে জ্যোতিষি [পরমাত্মনি] জুহোমি স্বাহা॥ ১৬

অন্ধবাদ।—আপঃ পুনস্ত ইত্যাদি মস্ত্রের নারায়ণ ঋষিঃ অষ্টী ছন্দঃ জল দেবতা এবং আচমনে প্রয়োগ হয়। জল পৃথিবীকে পবিত্র করুন। পৃথিবী পবিত্র হইয়া আমাকে পবিত্র করুন এবং জল জ্ঞানের আশ্রয়-ভূত পরমান্থাকে পবিত্র করুন। উচ্ছিষ্ট ভোজন, অভক্ষ্য-ভক্ষণ, অসদাচরণ এবং অসতের প্রতিগ্রহ জনিত আমার বে কিছু পাপ হইয়াছে, সেই সকল পাপ হইতে জল আমাকে পবিত্র করুন। আমার সেই সকল পাপ নিঃশেষরূপে দক্ষ হউক॥ ১৫

অমুবাদ।—"অগ্নিষ্ট মা" ইত্যাদি মন্ত্রের ব্রহ্ম ঋষি, প্রকৃতি ছন্দঃ, অগ্নি, যজ্ঞ, এবং ইক্রাদি দেবতাগণ দেবতা, এবং আচমনে প্রয়োগ

^{* &}quot;रेन्यरमारभाश्त्रज्ञातात्री" देखि भागाखन् ।

পুনর্মার্জনম্।

নিম্নলিখিত মন্ত্রে পুনশ্মার্জ্জন করিয়া মন্তকে এক একবার জলের ছিটা দিবে।

ওঁ (বলিয়া ১ বার) ভূভুবঃ স্বঃ (বলিয়া ১ বার) তৎ
সবিতুর্ববরেণ্যং ভর্গো দেবস্থ ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ
(বলিয়া ১ বার) ওঁ আপো হিচ্চেতি নবর্চচন্ত স্ক্রন্থাম্বরীয়ঃ
সিন্ধুদ্বীপ ঋষির্গায়ত্রী পঞ্চমী বর্দ্ধমানা সপ্তমী প্রতিষ্ঠা অইটমাছামুষ্টুপ্ছন্দঃ আপোদেবতা মার্জ্জনে বিনিয়োগঃ। ওঁ আপো হি ষ্ঠা
ময়োভুব, স্তান উর্জ্জে দধাতন। মহে রণায় চক্ষদে। (বলিয়া ১
বার) ওঁ যো বঃ শিবতমো রসস্তম্ভ ভাজয়তে হ নঃ উশতীরিব
মাতরঃ। (বলিয়া ১ বার) ওঁ তন্মা অরং গমাম বো যন্ত ক্ষয়ায়
জিম্বথ আপো জনয়থা চ নঃ (বলিয়া ১বার) ॥ ১৭

হয়। অগ্নি, যজ্ঞ এবং যজ্ঞপতি ইন্দ্রাদিদেবগণ অসম্পূর্ণ-যজ্ঞ-জনিত পাপ হইতে অথবা অগ্নি ক্রোধ এবং ক্রোধপতি ইন্দ্রিয় সকল ক্রোধজনিত পাতক হইতে আমাকে রক্ষা করুন। আমি দিবাভাগে মন, বাক্য, হস্তব্য, পদদ্ব্য, উদর, এবং শিশ্ন দারা যে যে পাপ করিয়াছি, দিনাধিষ্ঠাত্রী দেবতা তৎসমুদায় বিনাশ করুন। আমাতে অস্ত যে কিছু [জ্ঞানাজ্ঞান কুত] পাপ আছে, সে সমস্ত এবং সেই পাপের কর্ত্তা আমাকে [মদীয়লিঙ্গ শরীরকে) আমি জগৎকারণ সত্যস্বরূপ জ্যোতিতে (পরত্রন্ধে) হোম করিলাম। আমার সমস্ত পাপ নিঃশেষরূপে ভশ্মীভূত হউক॥ ১৬

অন্থবাদ।—আপো হিষ্ঠা ইত্যাদি নয়টী মন্ত্রের অম্বরীয় পুত্র সিন্ধ্রীপ ঝিষি, জল দেবতা, পঞ্চম মন্ত্রের বর্দ্ধমানা ছন্দঃ সপ্তম মন্ত্রের প্রতিষ্ঠা ছন্দঃ অষ্টম্যাদি মন্ত্রের অনুষ্ঠুপ্ ছন্দঃ জলদেবতা মার্ক্জনে প্রযুক্ত হয়, অপর অংশের ব্যাখ্যাদি ৫৭ পৃঃ দুইব্য ॥ ১৭

40

ওঁ শন্নোদেবীরভিষ্টয় আপো ভবস্ত পীতয়ে। শংযোরভি স্রবস্তু নঃ (বলিয়া ১ বার (॥ ১৮

ওঁ ঈশানা বার্য্যাণাং ক্ষয়স্তীশ্চর্ষণীনাম্। আপো যাচামি ভেষজম্ (বলিয়া ১ বার)॥ ১৯

